

বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা

শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ

নং-প্রকা/শানিবিউবি-১(১০২)এমসি-১৬/২০১৫-২০১৬/১৬৫(১২০)

তারিখঃ ১৭-০৮-২০১৫

- ১। সকল বিভাগীয় মহাব্যবস্থাপক
- ২। মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
- ৩। উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ
- ৪। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ ২০১৫-২০১৬ অর্থ বছরে ঋণ বিতরণ ও ঋণ আদায় প্রবাহ উল্লেখযোগ্য পরিমাণ বৃদ্ধির লক্ষ্যে প্রচলিত কলাকৌশল ছাড়াও অন্যান্য কি ধরনের পদক্ষেপ গ্রহণ করা যায় সে ব্যাপারে মতামত/প্রস্তাবনা প্রেরণ প্রসংগে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।


০২। গত ০৯-০৮-২০১৫ তারিখে অনুষ্ঠিত ব্যাংকের বার্ষিক সম্মেলন-২০১৫ এ ২০১৪-২০১৫ অর্থ বছরের সকল ব্যবসায়িক পারফরমেন্সের বিষয়ে বিস্তারিত আলোচনাসহ চলতি ২০১৫-২০১৬ অর্থ বছরের সকল ব্যবসায়িক কার্যক্রম সুষ্ঠু ও সাবলিভাবে সম্পন্ন করার কর্মপরিকল্পনার বিষয়েও বিস্তারিত আলোচনা হয়েছে। গত অর্থ বছরের পারফরমেন্স পর্যালোচনায় দেখা যায়, অনেক বিভাগ ও অঞ্চল সবগুলো ব্যবসায়িক লক্ষ্যমাত্রার বিপরীতে ১০০% অর্জন করতে সক্ষম হয়নি। এতে প্রতীয়মান হচ্ছে বিভাগ/অঞ্চল পর্যায়ে আওতাধীন শাখাসমূহের কার্যক্রম তদারকিকরণসহ পারফরমেন্স পরিকল্পনারও কিছুটা ঘাটতি ছিল। চলতি অর্থ বছরের সকল ব্যবসায়িক লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের বিষয়ে বার্ষিক সম্মেলনে-২০১৫ এ বিভাগীয় মহাব্যবস্থাপক, মহাব্যবস্থাপক, এলপিও, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক ও কর্পোরেট শাখা প্রধানগণ ব্যবস্থাপনা কর্তৃপক্ষের নিকট অঙ্গীকার করেছেন এবং ব্যবস্থাপনা কর্তৃপক্ষ প্রদত্ত অঙ্গীকার মোতাবেক বছরের শুরু থেকেই প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের সদয় নির্দেশনা দিয়েছেন।

০৩। চলতি ২০১৫-২০১৬ অর্থ বছরে সকল ব্যবসায়িক লক্ষ্যমাত্রা বিশেষ করে ঋণ বিতরণ, শ্রেণীকৃত ঋণ আদায়/বার্ষিক ঋণ আদায় প্রবাহ বৃদ্ধিগুরুক প্রদত্ত লক্ষ্যমাত্রা যাতে শতভাগ অর্জন করা সম্ভব হয় সে বিষয়ে এলাকার সম্ভাবনা ও বাস্তবতার নিরীখে ব্যাংকের বর্তমানে প্রচলিত কলাকৌশল/পদ্ধতি ছাড়াও অন্যান্য কি ধরনের পদক্ষেপ গ্রহণ করা যায় সে ব্যাপারে একটি সুস্পষ্ট প্রস্তাবনা আগামী ৩০-০৮-২০১৫ তারিখের মধ্যে শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগে প্রেরণ নিশ্চিত করার জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো।

০৪। বিষয়টি অতীব জরুরী ও গুরুত্বপূর্ণ।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,



(এ. আর. এম. আনিস উজ্জামান)

উপ-মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৭৪০২৫

তারিখঃ ১৭-০৮-২০১৫

নং-প্রকা/শানিবিউবি-১(১০২)এমসি-১৬/২০১৫-২০১৬/১৬৫(১২০)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

- ১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৪। সর্বকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৫। উপ-মহাব্যবস্থাপক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। তাঁকে উপরোক্ত পত্রটি ব্যাংকের ওয়েব-সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ৬। নথি/মহানথি।

(মোঃ সাইদুজ্জাহান)

সহকারী মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৮৭২৩৬